আমি গেরিলা সাদেক হোসেন খোকার সন্তান,আমাকে চিনতে অনেক বাকি রয়েছে : ইশরাক

চেম্বার ডেস্ক:: ঢাকায় দুই ঘণ্টার নোটিশে যখন তখন সমাবেশ করার সক্ষমতা রাখি’ বলে মন্তব্য করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে বিএনপির মেয়র পদপ্রার্থী ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন।

নিরপেক্ষ নির্বাচন ও বিগত সিটি নির্বাচনের ফলাফল বাতিলের দাবিতে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির উদ্যোগে মঙ্গলবারের সমাবেশ স্থগিতের বিষয়ে নিজের ফেসবুক ওয়ালে ইশরাক এ কথা বলেন।

তিনি বলেছেন, ‘আমাকেও চিনতে অনেক বাকি রয়েছে আপনাদের। আমি গেরিলা সাদেক হোসেন খোকার সন্তান।’

ইশরাক বলেন, প্রথমত গতকাল রাত থেকে বেশি অসুস্থ হয়ে পড়ায় দলের সিদ্ধান্তে আগামীকালের সমাবেশ পেছানো হয়েছে। ঠান্ডা, গলা ব্যথা এবং জ্বরে আক্রান্ত অবস্থায় সমাবেশের সভাপতিত্ব করা অসম্ভবপ্রায়।

দ্বিতীয়ত লোক সমাগম অনেক বেশি হবে এবং কার্যদিবসে রাস্তাঘাট বন্ধ হয়ে গেলে জনদুর্ভোগ হবে বিধায় পরবর্তী তারিখ যেকোনো শনিবার দেওয়া হবে। ছোট জায়গায় সীমিত পরিসরে সমাবেশ করার পক্ষপাতী আমরা নই।’

ডিএমপির ও আইজিপির পক্ষ থেকে ১৭-২৬ মার্চ সভা-সমাবেশ না করার অনুরোধের সমালোচনা করে ইশরাক হোসেন আরো বলেন, কিসের ডিএমপি কি বললো সেটার সঙ্গে যারা সমাবেশের সম্পর্ক খুঁজার চেষ্টা করছে তারা অর্বাচীন পাঠার চেয়েও অধম।